তারিখ 19 JUN 2016
পৃষ্ঠা ...... কলাম ......

যুগান্তর

# এ বছরই পিইসি বাতিল দাবি

## উদয়ন স্কুলের সামনে অভিভাবকদের মানববন্ধন

**যুগান্তর রিপোর্ট**

চলতি বছরই প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা বাতিলের দাবিতে অভিভাবকদের আন্দোলন অব্যাহত আছে। শনিবার অভিভাবক ঐক্য ফোরামের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত উদয়ন স্কুলের সামনে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। এতে কয়েকশ' অভিভাবক উপস্থিত ছিলেন। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত স্থায়ী এ কর্মসূচিতে বক্তব্য রাখেন ফোরাম সভাপতি মো. জিয়াউল কবির দুলু, ইঞ্জিনিয়ার আসাদুজ্জামান, ইয়াসমিন আক্তার, সুবর্ণা বেগম, মলয় সরকার, শরিফ চৌধুরী, মাকসুদুর রহমান প্রমুখ। বক্তারা পরীক্ষা নিয়ে সরকারের কাছে বেশ কয়েকটি প্রশ্ন রাখেন। তা হচ্ছে, কোমলমতি ১ জন ৫ম শ্রেণীর শিক্ষার্থী একটি অপ্রয়োজনীয় সনদের জন্য কতবার পিইসি পরীক্ষা দেবে? সরকার প্রণীত শিক্ষানীতি-২০১০ এ ৫ম শ্রেণীতে পিইসি পরীক্ষা নেয়ার কোনো বিধান নেই। সরকার কেন ৫ম শ্রেণীতে পিইসি পরীক্ষা নিচ্ছে? ৮২ হাজার শিক্ষার্থীর বৃত্তি দেয়ার কথা বলে ৩০ লাখ পিইসি পরীক্ষার্থীকে জিম্মি করা হচ্ছে কেন? ২০১৭ সালে ৫ম শ্রেণীর পিইসি পরীক্ষা হবে না সরকার ঘোষণা করেছে।